# ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি নির্দেশিকা

# বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি

**Website: www.xiclassadmission.gov.bd**

## ঢাকা, রাজশাহী, কুমিল্লা, যশোর, চট্টগ্রাম, বরিশাল, সিলেট, দিনাজপুর, ময়মনসিংহ এবং মাদ্‌রাসা শিক্ষা বোর্ড

## সাধারণ নির্দেশনা

- ▶ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত সকল কলেজ/মাদ্‌রাসা/কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য শুধুমাত্র ইন্টারনেটের মাধ্যমে আবেদন করা যাবে।
- ▶ ৯ আগস্ট হতে ২০ আগস্ট, ২০২০ তারিখের মধ্যে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য শুধুমাত্র ইন্টারনেটের মাধ্যমে আবেদন করা যাবে তবে ১৫ আগস্ট, ২০২০ জাতীয় শোক দিবসে অনলাইন সার্ভিস ও কল সেন্টার বন্ধ থাকবে ।
- ▶ ভর্তি সংক্রান্ত সকল কার্যক্রমের সময়সূচি, ভর্তি নির্দেশিকা, আবেদনের নিয়মাবলী এবং ফলাফলের জন্য নির্ধারিত ওয়েবসাইট www.xiclassadmission.gov.bd এবং স্ব স্ব বোর্ডের ওয়েবসাইট থেকেও জানা যাবে।
- ▶ এই ভর্তি নির্দেশিকার যে কোন ধারা/নিয়মাবলীর সংশোধন, সংযোজন বা বাতিল করার অধিকার শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ▶ ইন্টারনেটে সর্বোচ্চ ১০টি শিক্ষা প্রতিষ্ঠানে (কলেজ/মাদ্‌রাসা) আবেদনের জন্য ১৫০/- (সার্ভিস চার্জ সহ) আবেদন ফি প্রযোজ্য হবে। ইন্টানেটের মাধ্যমে আবেদনের জন্য নগদ/সোনালী ব্যাংক/টেলিটক/বিকাশ/শিওরক্যাশ/রকেট-এর মাধ্যমে ১৫০/- টাকা প্রদান করতে হবে।
- ▶ সর্বোচ্চ ১০টি প্রতিষ্ঠানে আবেদন করা যাবে তবে- একই প্রতিষ্ঠানের একাধিক শিফট/ভার্সন/গ্রুপে আবেদন করা যাবে।
- ▶ ইন্টারনেটে আবেদনে শিক্ষার্থীর কোন তথ্য অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন/চূড়ান্ত ভর্তি বাতিল করার অধিকার শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ▶ প্রথমবার আবেদনের সময় শিক্ষার্থীকে নিজের/অভিভাবকের একটি মোবাইল নম্বর দিতে হবে, যেটি শিক্ষার্থীর Contact Number হিসেবে বিবেচিত হবে। Contact Number টি শিক্ষার্থীর জন্য অতীব গুরত্বপূর্ণ কেননা পরবর্তীতে শিক্ষার্থীর সকল যোগাযোগ ও আবেদনের জন্য কিংবা আবেদন সংশোধনের জন্য এই Contact Number টির প্রয়োজন হবে।
- ▶ প্রয়োজনীয় অর্থ পরিশোধ করার সময় শিক্ষার্থী নিজের/অভিভাবকের যে **Contact** মোবাইল নম্বর প্রদান করেছেন সেটি সাবধানে পূরণ করতে হবে। এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। ভর্তি সম্পর্কিত সকল তথ্য এই নম্বরে পাঠানো হবে। এই নম্বরের বায়োমেট্রিক নিবন্ধন সম্পন্ন হওয়া অত্যাবশ্যক। অভিভাবকের জাতীয় পরিচয়পত্র নম্বর প্রদান করতে হবে এবং তাঁর (যাঁর জাতীয় পরিচয়পত্র নম্বর প্রদান করছেন) সাথে শিক্ষার্থীর সম্পর্ক উল্লেখ করতে হবে । ভর্তির সময় পূরণকৃত জাতীয় পরিচয়পত্র নম্বর যাচাই করা হতে পারে এবং জাতীয় পরিচয়পত্র নম্বর (অভিভাবকের) পূরণ করা থাকলে ভর্তি প্রক্রিয়া সহজতর হবে।
- ▶ একাধিক শিক্ষার্থীর আবেদনে একই Contact Number ব্যবহার করা যাবে না অর্থাৎ ভিন্ন ভিন্ন শিক্ষার্থীর Contact Number ভিন্ন ভিন্ন হতে হবে। Contact Number টি পরিবর্তন করা যাবেনা, তাই এক্ষেত্রে যথেষ্ট সাবধানতা অবলম্বন করতে হবে যাতে এটি ভুল না হয়।
- ▶ শিক্ষার্থীদের আবেদনের ক্ষেত্রে বিভিন্ন প্রতিষ্ঠানের শিফট/ভার্সন/গ্রুপ অনুযায়ী পছন্দক্রম প্রযোজ্য হবে। ইন্টারনেটে আবেদনের ক্ষেত্রে শিক্ষার্থী তার পছন্দক্রম সরাসরি ইনপুট দিতে পারবে (অর্থাৎ এন্ট্রি করতে পারবে)।
- ▶ ফলাফল প্রদানের পূর্বে নির্ধারিত সময়ের মধ্যে (৯ আগস্ট হতে ২০ আগস্ট, ২০২০) ইন্টারনেটের মাধ্যমে সর্বোচ্চ ৫(পাঁচ) বার কলেজের পছন্দক্রম ও কলেজ পরিবর্তন করা যাবে। প্রথম পর্যায়ের আবেদনের তারিখ ৯ আগস্ট হতে ২০ আগস্ট, ২০২০। তবে প্রাথমিক নিশ্চায়নের পর আর কোন পরিবর্তন করা যাবে না।
- ▶ ৩ (তিন) টি পর্যায়ে ভর্তির ফলাফল প্রক্রিয়াকরণ করা হবে। একজন শিক্ষার্থীকে তার মেধা, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রমানুযায়ী একটি মাত্র কলেজের জন্য নির্বাচন করা হবে। নির্বাচিত শিক্ষার্থী নিজেই অন-লাইনে বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ২০০/- (দুই শত) টাকা জমা দিয়ে প্রাথমিক ভর্তি নিশ্চায়ন করবে এক জন শিক্ষার্থী সর্বোচ্চ ২(দুই) বার স্বয়ংক্রিয়ভাবে মাইগ্রেশনের জন্য বিবেচিত হবে। প্রযোজ্য ক্ষেত্রে, মাইগ্রেশন সর্বদাই শিক্ষার্থীর পছন্দক্রমানুসারে উপরের দিকে যাবে।

## ১। ভর্তির যোগ্যতা ও গ্রুপ নির্বাচনঃ

১.১ ২০১৮, ২০১৯ ও ২০২০ সালে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮, ২০১৯ ও ২০২০ সালে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে সংশ্লিষ্ট নীতিমালার অন্যান্য বিধানাবলী পূরণ সাপেক্ষে কলেজ/সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য যোগ্য বিবেচিত হবে।

১.২ ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপ-এ গ্রুপ নির্বাচন করতে পারবে, যথা:

i) সাধারণ শিক্ষা বোর্ড হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তির ক্ষেত্রে:
- (ক) বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপের যে কোনটি। তবে বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী অন্য গ্রুপে একবার ভর্তি হওয়ার পর পরবর্তীতে আর বিজ্ঞান গ্রুপে প্রত্যাবর্তন করতে পারবে না;
- (খ) মানবিক গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপের যে কোনটি এবং
- (গ) ব্যবসায় শিক্ষা গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক গ্রুপের যে কোনটি।

ii) মাদ্‌রাসা বোর্ড হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তির ক্ষেত্রে:
- (ক) বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী সাধারণ শিক্ষা বোর্ডের বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা এবং মাদ্‌রাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞান, সাধারণ গ্রুপ ও মুজাব্বিদ গ্রুপের যে কোনটি;
- (খ) সাধারণ গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী সাধারণ শিক্ষা বোর্ডের মানবিক ও ব্যবসায় শিক্ষা এবং মাদরাসা শিক্ষা বোর্ডের সাধারণ গ্রুপ ও মুজাব্বিদ গ্রুপের যে কোনটি;
- (গ) মুজাব্বিদ গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী সাধারণ শিক্ষা বোর্ডের মানবিক ও ব্যবসায় শিক্ষা এবং মাদরাসা শিক্ষা বোর্ডের সাধারণ গ্রুপ ও মুজাব্বিদ গ্রুপের যে কোনটি;
- (ঘ) দাখিল (ভোক) গ্রুপ থেকে উত্তীর্ণ শিক্ষার্থীরা মাদ্‌রাসা শিক্ষা বোর্ডের বোর্ডের বিজ্ঞান, সাধারণ গ্রুপ ও মুজাব্বিদ গ্রুপের যে কোনটি ।

iii) কারিগরি শিক্ষা বোর্ড হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তির ক্ষেত্রে:
- (ক) এসএসসি (ভোক)/দাখিল (ভোক) গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী সাধারণ শিক্ষা বোর্ডের বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপের যে কোনটি ।

iv) উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের বয়সসীমা ২০১৯ সালের ৩১শে ডিসেম্বর অনূর্ধ্ব ২২ বছর হতে হবে, অর্থাৎ শিক্ষার্থীদের জন্ম তারিখ ১৯৯৮ এর ১লা জানুয়ারী বা তার পরে হতে হবে।

v) যে কোন বিভাগ (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা) থেকে উত্তীর্ণ শিক্ষার্থী গার্হস্থ্য অর্থনীতি ও সংগীত গ্রুপ এর যে কোনটি ।

## ২। ভর্তির আবেদন দাখিলের জন্য করণীয়ঃ

**শুধুমাত্র ইন্টারনেট-এ আবেদন করা যাবে, এক্ষেত্রে নিচে প্রদত্ত ধাপসমূহ ২.১-২.৪ অনুসরণ করতে হবে।**

| ধাপসমূহ | ইন্টারনেটে আবেদনের জন্য করণীয় |
|---|---|
| **২.১ আবেদনের ফি প্রদান পদ্ধতি** | ইন্টারনেটে আবেদনের পূর্বে শিক্ষার্থীকে নগদ/সোনালী ব্যাংক/টেলিটক/বিকাশ/শিওরক্যাশ/রকেট এর মাধ্যমে নিম্নবর্ণিত ('ক' থেকে 'চ') ধাপসমূহ অনুসরণপূর্বক আবেদন ফি প্রদান করতে হবে। প্রার্থীকে তার এসএসসি/সমমানের পরীক্ষার বোর্ড, রোল নম্বর এবং পাসের সন ব্যবহার করে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা ফি প্রদান করতে হবে।<br><br>**ক) নগদ অ্যাপ এর মাধ্যমে ফি প্রদান পদ্ধতিঃ**<br><br>ধাপ-১: মোবাইল নম্বর ও পিন নম্বর দিয়ে রকেট অ্যাপ এ লগইন করুন।<br>ধাপ-২: বিল পে অপশন নির্বাচন করুন।<br>ধাপ-৩: Biller ID থেকে "XI Class Admission" নির্বাচন করুন।<br>ধাপ-৪: রোল নম্বর, বোর্ড, পাশের সন ও যোগাযোগের নম্বর দিন।<br>ধাপ-৫: সব তথ্য যাচাই করে Next বাটনটি ট্যাপ করুন।<br>ধাপ-৬: আপনার পিন কোড টাইপ করুন।<br>ধাপ-৭: ট্যাপ করে (চাপ দিয়ে) ধরে রাখুন।<br>ধাপ-৮: পেমেন্ট সফলভাবে সম্পন্ন হলে কনফার্মেশন এসএমএস পাবেন। |

| ধাপসমূহ | ইন্টারনেটে আবেদনের জন্য করণীয় |
| --- | --- |

**<u>খ) সোনালী ব্যাংকের মাধ্যমে ফি প্রদান পদ্ধতিঃ</u>**

**i) <u>Web Portal এর মাধ্যমে ফি প্রদান পদ্ধতি:</u>**

ধাপ-১: ফি প্রদানের জন্য

ক) https://sbl.com.bd/ প্রবেশ করে "XI Class Admission" মেনুতে ক্লিক করুন।

অথবা

খ) সরাসরি https://sbl.com.bd:7070/xiClassAdmission/Fee/ তে প্রবেশ করুন।

ধাপ-২: ফি টাইপ সিলেক্ট করে রোল নং, বোর্ড, পাশের সন ও মোবাইল নম্বর পূরণ করুন এবং "Check" বাটনে ক্লিক করুন।

ধাপ-৩: ডাটা সঠিক হলে তা স্ক্রিনে দেখাবে, এবার "Payment Request" বাটনে ক্লিক করুন।

ধাপ-৪: "Payment Request" বাটনে ক্লিক করলে পেমেন্টের জন্য Sonali Payment Gateway ওপেন হবে।

ধাপ-৫: এখানে আপনি ৩টি মেনু পাবেনঃ

i) Sonali Bank (Account Transfer, Prepaid & SBL debit/credit card)
ii) Card (Qcash, Visa & Master)
iii) MFS (Bkash, Rocket)

ধাপ-৬: আপনার সুবিধা জনক পদ্ধতিতে পেমেন্ট করুন।

ধাপ-৭: পেমেন্ট সফলভাবে সম্পূর্ণ হওয়ার পর একটি ৮ ডিজিটের পেমেন্ট আইডিসহ পেমেন্ট কনফার্মেশন ভাউচার জেনারেট হবে, এটি ডাউনলোড/প্রিন্ট করে সংরক্ষণ করুন।

**ii) <u>Sonali eSheba অ্যাপ এর মাধ্যমে ফি প্রদান পদ্ধতি:</u>**

ধাপ-১: Sonali eSheba অ্যাপ মেনু থেকে "XI Class Admission" সিলেক্ট করুন।

ধাপ-২: ফি টাইপ সিলেক্ট করে রোল নং, বোর্ড, পাশের সন ও মোবাইল নম্বর পূরণ করুন এবং "Check" বাটনে ক্লিক করুন।

ধাপ-৩: ডাটা সঠিক হলে তা স্ক্রিনে দেখাবে, এবার "Payment Request" বাটনে ক্লিক করুন।

ধাপ-৪: "Payment Request" বাটনে ক্লিক করলে পেমেন্টের জন্য Sonali Payment Gateway ওপেন হবে।

ধাপ-৫: এখানে আপনি ৩টি মেনু পাবেনঃ

iv) Sonali Bank (Account Transfer, Prepaid & SBL debit/credit card)
v) Card (Qcash, Visa & Master)
vi) MFS (Bkash, Rocket)

ধাপ-৬: আপনার সুবিধা জনক পদ্ধতিতে পেমেন্ট করুন।

ধাপ-৭: পেমেন্ট সফলভাবে সম্পূর্ণ হওয়ার পর একটি ৮ ডিজিটের পেমেন্ট আইডিসহ পেমেন্ট কনফার্মেশন ভাউচার মোবাইল স্টোরেজ "Sonali eSheba" নামক ফোল্ডারে সেভ হবে।

**যে কোন সমস্যায় যোগাযোগ করুণঃ-**
**ই-মেইলঃ** billstech@sonalibank.com.bd

**<u>গ) টেলিটকের মাধ্যমে ফি প্রদান পদ্ধতিঃ</u>**

১. টেলিটকের প্রিপেইড মোবাইল ব্যবহার করতে হবে। মোবাইলের Message (Option)-এ গিয়ে নিম্নলিখিত নিয়মে আবেদন ফি প্রদান করতে হবেঃ

CAD <space> WEB <space> Board <space> Roll <space> Year <space> লিখে 16222 নম্বরে Send করতে হবে।

উপরের Message-এ Board এর স্থলে শিক্ষার্থীর নিজের বোর্ডের প্রথম তিন অক্ষর/কোড (যেমন, ঢাকা বোর্ড হলে DHA; বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদালয় হলে BOU, ইত্যাদি), Roll এর স্থলে শিক্ষার্থীর এসএসসি/সমমান পরীক্ষার Roll No, Year এর স্থলে এসএসসি/সমমান পরীক্ষার Passing Year দিতে হবে।

| ধাপসমূহ | ইন্টারনেটে আবেদনের জন্য করণীয় |
|---|---|

উদাহরণ ঃ <u>SMS-এর মাধ্যমে ফি প্রদান</u>

CAD WEB DHA 104285 2020

ব্যাখ্যা ঃ এখানে DHA-এসএসসি/সমমান পরীক্ষা পাসের বোর্ডের (Dhaka) নামের প্রথম কোড, 104285-আবেদকারীর এসএসসি/সমমান পরীক্ষার পাসের রোল নম্বর এবং 2020 এসএসসি/সমমান পরীক্ষা পাসের সন ।

২. উপরে বর্ণিত SMS টি সফলভাবে সম্পন্ন হলে আবেদনকারীর নাম, শিক্ষা বোর্ড, পাসের সন এবং রোল নম্বরসহ ফিরতি SMS-এ আবেদন ফি বাবদ ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) কেটে নেওয়া হবে এবং তা জানিয়ে একটি PIN কোড প্রদান করা হবে। ফি প্রদানে সম্মত থাকলে Message অপশন (Option) এ যেয়ে CAD <space> YES <space> PIN <space> Contact Number লিখে 16222 নম্বরে Send করতে হবে। Contact Number টি অবশ্যই বায়োমেট্রিক পদ্ধতিতে নিবন্ধনকৃত মোবাইল নম্বর হতে হবে। একটি মোবাইল নম্বর শুধুমাত্র একজন আবেদনকারী প্রার্থীর জন্য ব্যবহার করা যাবে। ফি সঠিকভাবে জমা হলে Contact Number টিতে অবশ্যই ফি নিশ্চিতকরণের একটি Transaction ID সহ SMS যাবে।

উদাহরণঃ <u>ফি নিশ্চতকরণ</u>

CAD YES 1268234 01*********

এখানে 1268234 - PIN এবং 01********* পুর্বে প্রদত্ত ১১ ডিজিটের Contact number।

**<u>ঘ) বিকাশ অ্যাপ এর মাধ্যমে ফি প্রদান পদ্ধতিঃ</u>**

ধাপ-১: প্রথমেই বিকাশ অ্যাপ স্ক্রিন থেকে পে বিল সিলেক্ট করুন ।

ধাপ-২: এরপর শিক্ষা প্রতিষ্ঠান ট্যাপ করে XI Class Admission সিলেক্ট করুন ।

ধাপ-৩: তারপর বোর্ডের নাম, পাশের বছর সিলেক্ট করে রোল নাম্বার এবং মোবাইল নাম্বার ।

ধাপ-৪: ফি-এর পরিমাণ চেক করে পরের স্ক্রিনে যেতে ট্যাপ করুন ।

ধাপ-৫: এবার আপনার বিকাশ একাউন্টের পিন কোড নাম্বার দিন ।

ধাপ-৬: সবশেষে স্ক্রিনের নিচের অংশ ট্যাপ করে ধরে রাখুন। তাহলেই 'পে-বিল' লেনদেনটি সম্পন্ন হবে ।

ধাপ-৭: আপনার মোবাইলেও একটি কনফার্মেশন মেসেজ পেয়ে যাবেন এবং অ্যাপে দেখে নিতে পারবেন বিলের ডিজিটাল রিসিট ।

**<u>ঙ) শিওরক্যাশের মাধ্যমে ফি প্রদান পদ্ধতি:</u>**

**<u>শিওরক্যাশ USSD Menu এর মাধ্যমে ফি প্রদান করার পদ্ধতি:</u>**

ধাপ-১: শিওরক্যাশ এর মেনু পেতে *495# ডায়াল করে, 3 টাইপ করে রিপ্লাই দিয়ে PAYMENT অপশন নির্বাচন করতে হবে

ধাপ-২: পেমেন্ট কি-ওয়ার্ড CAD লিখতে হবে

ধাপ-৩: স্টুডেন্টকে লিখতে হবে: <বোর্ড কোড><পাসের সন><বোর্ডের রোল নম্বর>

ধাপ-৪: স্টুডেন্ট/অভিভাবকের মোবাইল নম্বর লিখতে হবে

ধাপ-৫: স্টুডেন্টের এর নাম সহ Due: Tk. 150 প্রদর্শিত হবে, শিওরক্যাশ মোবাইল ব্যাংকিং একাউন্ট এর চার সংখ্যার পিন নম্বর প্রদান করার পর পেমেন্ট সফল হলে TXN নম্বর সহ Successful Massage প্রদর্শিত হবে।

**<u>শিওরক্যাশ অ্যাপ এর মাধ্যমে ফি প্রদান করার পদ্ধতি:</u>**

নীচের ধাপগুলো অনুসরণ করতে হবে:

ধাপ-১: শিওরক্যাশ অ্যাপ এ লগ ইন করে Payment অপশন সিলেক্ট করুন।

ধাপ-২: পরবর্তি ধাপে যেতে CAD লিখে Next অপশন সিলেক্ট করুন।

ধাপ-৩: স্টুডেন্টকে লিখতে হবে: <বোর্ড কোড><পাসের সন><বোর্ডের রোল নম্বর>।

ধাপ-৪: স্টুডেন্ট/অভিভাবকের মোবাইল নম্বর লিখতে হবে

(মোবাইল স্ক্রিনে Student এর নাম সহ Due Amount: Tk. 150 প্রদর্শিত হবে)।

ধাপ-৫: পরবর্তি/Next বাটন সিলেক্ট করুন।

ধাপ-৬: পেমেন্ট নিশ্চিত করতে Confirm বাটন সিলেক্ট করুন।

| ধাপসমূহ | ইন্টারনেটে আবেদনের জন্য করণীয় |
|---|---|
| | Payment সফল হলে TXN নম্বর সহ Successful Massage প্রদর্শিত হবে।<br><br>**<u>চ) রকেট অ্যাপ এর মাধ্যমে ফি প্রদান পদ্ধতিঃ</u>**<br>ধাপ-১: মোবাইল নম্বর ও পিন নম্বর দিয়ে রকেট অ্যাপ এ লগইন করুন।<br>ধাপ-২: বিল পে অপশন নির্বাচন করুন।<br>ধাপ-৩: Biller ID থেকে "XI Class Admission" বা 515 নির্বাচন করুন।<br>ধাপ-৪: রোল নম্বর, বোর্ড ও পাশের সন এ প্রয়োজনীয় ইনপুট দিন। নিজ ফি হলে Self এবং অপরের ফি হলে Other নির্বাচন করে স্টুডেন্ট/অভিভাবকের মোবাইল নম্বর দিন।<br>ধাপ-৫: Student এর নাম সহ Amount: Tk. 150 প্রদর্শিত হবে, Accept করে মোবাইল একাউন্ট এর পিন নম্বর প্রদান করলে Payment সফল Massage সহ Successful Massage প্রদর্শিত হবে।<br><br>**প্রয়োজনে কল করুন: 16216**<br><br>▪ <u>বোর্ডের নামের কোড:</u><br>Dhaka Board-এর জন্য DHA, Cumilla Board এর জন্য CUM, Rajshahi Board-এর জন্য RAJ, Jashore Board-এর জন্য JAS, Chattogram Board-এর জন্য CHA, Barishal Board-এর জন্য BAR, Sylhet Board-এর জন্য SYL, Dinajpur Board-এর জন্য DIN, Technical Board এর জন্য TEC, Mymensingh Board এর জন্য MYM, Madrasah Board-এর জন্য MAD এবং Bangladesh Open University-এর জন্য BOU।<br><br>এখানে উল্লেখ্য যে, প্রথম পর্যায়ে ৯ আগস্ট হতে ২০ আগস্ট ২০২০ রাত ১১:৫৯ মিঃ পর্যন্ত ইন্টারনেটে আবেদন করা যাবে। |
| ২.২ ইন্টারনেটে আবেদন পদ্ধতি | (ক) নিম্নলিখিত নিয়মে আবেদন Submit করতে হবে।<br><br>১. নগদ/সোনালী ব্যাংক/টেলিটক/বিকাশ/শিওরক্যাশ/রকেট এর আবেদন ফি ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) জমা দেয়ার পর আবেদনকারীকে নির্ধারিত website-এ (www.xiclassadmission.gov.bd) যেয়ে "Apply Online" Button-এ ক্লিক করতে হবে; এরপর প্রদর্শিত তথ্য ছকে এসএসসি/সমমান পরীক্ষার রোল নম্বর, বোর্ড, পাসের সন ও রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। আবেদনকারীর দেয়া তথ্য সঠিক হলে তিনি তার ব্যক্তিগত তথ্য ও এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত GPA দেখতে পাবেন।<br><br>২. এরপর শিক্ষার্থীর Contact Number (ফি প্রদানের সময় প্রদত্ত মোবাইল নম্বর) এবং প্রযোজ্য ক্ষেত্রে কোটা (ধাপ ২.৩ অনুযায়ী) দিতে হবে।<br><br>৩. অতঃপর তাঁকে ভর্তিচ্ছু শিক্ষা প্রতিষ্ঠান, গ্রুপ, শিফট এবং ভার্সন Select করতে হবে। এভাবে শিক্ষার্থী সর্বোচ্চ ১০টি ও সর্বনিম্ন ৫টি কলেজ/মাদরাসা Select করতে পারবে। এই ফরমে আবেদনকারী তাঁর সকল আবেদনের পছন্দক্রমও নির্ধারণ করতে পারবেন।<br><br>৪. এরপর আবেদনকারী "Preview Application" Button-এ ক্লিক করলে তার আবেদনকৃত কলেজসমূহের তথ্য ও পছন্দক্রম দেখতে পারবেন।<br><br>৫. Preview-এ দেখানো তথ্যসমূহ সঠিক থাকলে আবেদনকারী "Submit" Button-এ ক্লিক করবেন।<br><br>৬. আবেদনটি সফলভাবে Submit করা হলে আবেদনকারী তাঁর প্রদত্ত Contact Number-এর মোবাইলে একটি নিশ্চিতকরণ SMS পাবেন এবং যাতে একটি সিকিউরিটি কোড (Security Code) থাকবে। এই Security Code টি গোপনীয়তা ও সতর্কতার সাথে সংরক্ষণ করতে হবে, যা পরবর্তীতে আবেদন সংশোধন ও ভর্তি সংক্রান্ত কাজে ব্যবহার করতে হবে।<br><br>৭. আবেদনকারী চাইলে তাঁর আবেদনসমূহের তথ্যাদিসহ উক্ত ফরমটি Download করে প্রিন্ট (Print) নিতে পারবেন।<br><br>(খ) উপরের নির্দেশনা অনুযায়ী এসএসসি/সমমান পরীক্ষার রোল নম্বর, বোর্ড, পাসের সন ও রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে এন্ট্রি দেয়ার পরও শিক্ষার্থীর ব্যক্তিগত তথ্য ও এসএসসি পরীক্ষার GPA দেখতে না পেলে, তাঁকে আবেদন ফি ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) জমা দেয়ার Transaction ID টি এন্ট্রি দিতে হবে এবং ফি |

| ধাপসমূহ | ইন্টারনেটে আবেদনের জন্য করণীয় |
|---|---|
| | প্রদানের জন্য তিনি যেই অপারেটর (নগদ/সোনালী ব্যাংক/টেলিটক/বিকাশ/শিওরক্যাশ/রকেট) ব্যবহার করেছে তাকে Select করতে হবে। পরবর্তীতে ৩০ মিনিট পর ইন্টারনেটে আবেদন করার জন্য পূর্বে উল্লেখিত পদ্ধতিতে অনুসরণ করতে হবে। |
| ২.৩ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) | (ক) মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের জন্য কোটায় (FQ) ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থী তথ্য-ছকের নির্দিষ্ট স্থানে FQ কোটা Select করবেন। কোটায় আবেদনের ক্ষেত্রে **যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ পত্র থাকতে হবে** এবং পরবর্তীতে কলেজ/মাদ্রাসা কর্তৃক যাচাইকরণ হবে বিধায় কোটার অপশন (Option) দেয়ার ক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে।<br><br>(খ) যে সকল প্রতিষ্ঠানে বিশেষ কোটা (SQ) অনুমোদিত আছে- সে সকল প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সন্তানগণ এই বিশেষ কোটার জন্য আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন চলাকালীন সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজসমূহ ইন্টারনেটে বিশেষ কোটা আবেদনকারীদের আবেদন নিশ্চিত করবেন। |
| ২.৪ পছন্দক্রম পরিবর্তন | একজন আবেদনকারী সর্বোচ্চ ৫(পাঁচ) বার ইন্টারনেটে ঢুকে কলেজের পছন্দক্রম এবং কলেজ পরিবর্তন করতে পারবে। |

## ৩। মেধামান নির্ধারণঃ

৩.১ একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২০ অনুসরণপূর্বক ভর্তির ফলাফল প্রক্রিয়াকরণ ও মেধামান নির্ণয় করা হবে। আবেদনকারীদের বিভিন্ন কলেজ/মাদ্রাসা /সমমানের প্রতিষ্ঠানে আবেদন ঐ প্রতিষ্ঠানের নির্দিষ্ট গ্রুপ/শিফট/ ভার্সন, আসন সংখ্যা, পছন্দক্রম এর ভিত্তিতে এবং নিম্ন বর্ণিত (ধারা-৩.২-৩.৪) নিয়মানুযায়ী মেধামান নির্ধারণপূর্বক একজন আবেদনকারী শিক্ষার্থীকে শুধুমাত্র একটি শিক্ষাপ্রতিষ্ঠানে নির্বাচিত করা হবে।

৩.২ কলেজ/সমমানের প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ৯৫% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে যা মেধার ভিত্তিতে নির্বাচন করা হবে। অবশিষ্ট ৫% আসন মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে। উপর্যুক্ত কোটায় যদি প্রার্থী না পাওয়া যায় তবে কোটার আসন কার্যকরী থাকবে না, অর্থাৎ উক্ত আসনে মেধার ভিত্তিতে নির্বাচন করা হবে। মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের সনাক্তকরণের জন্য যথাযথ কর্তৃপক্ষের সনদ দাখিল করতে হবে। যে সকল শিক্ষার্থী প্রতিবন্ধী হিসেবে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা সংশ্লিষ্ট বোর্ডে ম্যানুয়ালি ভর্তির জন্য আবেদন করতে পারবে। প্রবাসীদের সন্তান/বি.কে.এস.পি. থেকে উত্তীর্ণ শিক্ষার্থী/খেলাধুলা এবং সাংস্কৃতিক ক্ষেত্রে বিভাগীয় বা জাতীয় পর্যায়ে অসামান্য অবদানের জন্য পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থী ভর্তির জন্য বোর্ডে ম্যানুয়ালি আবেদন করতে পারবে। এ ক্ষেত্রে বোর্ড উপযুক্ত প্রমাণপত্র যাচাই বাছাই পূর্বক শিক্ষার্থীকে কাঙ্খিত প্রতিষ্ঠানে (প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত ন্যূনতম জিপিএ থাকা সাপেক্ষে) ভর্তির ব্যবস্থা নিবে। উল্লেখ্য যে, যারা কোটার জন্য ম্যানুয়ালি আবেদন করবে তারা একইসাথে সাধারণ শিক্ষার্থী হিসেবে ইন্টারনেটেও আবেদন করতে পারবে।

৩.৩ (ক) এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-র ভিত্তিতে শিক্ষার্থীদের মেধাক্রম নির্ধারণ করা হবে।

(খ) সমান জিপিএ প্রাপ্তদের ক্ষেত্রে ধারাবাহিক মূল্যায়ন (Continuous Assessment) ব্যতীত মোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হবে। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা বোর্ড ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এর ক্ষেত্রে প্রাপ্ত নম্বর সমতুল্য করে হিসাব করা হবে। তাছাড়া বিভিন্ন সালের গ্রেড পয়েন্ট ও প্রাপ্ত নম্বর সমতুল্য করে হিসাব করতে হবে।

(গ) বিজ্ঞান গ্রুপে ভর্তির ক্ষেত্রে সমান মোট নম্বর প্রাপ্তদের মেধাক্রম নির্ধারণের জন্য পর্যায়ক্রমে সাধারণ গণিত ও উচ্চতর গণিত/ জীববিজ্ঞানে প্রাপ্ত নম্বর বিবেচনায় আনা হবে।

(ঘ) বিজ্ঞান গ্রুপে ভর্তির ক্ষেত্রে উপরের ক, খ এবং গ -এর বিধান সত্ত্বেও যদি প্রার্থী বাছাইকল্পে উদ্ভূত জটিলতা নিরসন না হয়, তবে পর্যায়ক্রমে ইংরেজি, পদার্থ বিজ্ঞান ও রসায়নে প্রাপ্ত নম্বর বিবেচনায় আনা হবে।

(ঙ) মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপের ক্ষেত্রে সমান মোট নম্বর প্রাপ্তদের মেধাক্রম নিষ্পত্তির লক্ষ্যে পর্যায়ক্রমে ইংরেজি, গণিত ও বাংলা বিষয়ে প্রাপ্ত নম্বর বিবেচনায় আনা হবে।

(চ) এক গ্রুপের প্রার্থী অন্য গ্রুপ ভর্তির ক্ষেত্রে জিপিএ একই হলে সর্বমোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হবে। এ ক্ষেত্রে প্রার্থী বাছাইকল্পে উদ্ভূত জটিলতা নিরসন না হলে পর্যায়ক্রমে ইংরেজি, গণিত ও বাংলা বিষয়ে প্রাপ্ত নম্বর বিবেচনায় আনা হবে।

৩. ৪ স্কুল এন্ড কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিজস্ব প্রতিষ্ঠান হতে উত্তীর্ণ শিক্ষার্থীগণ প্রতিষ্ঠান নির্ধারিত যোগ্যতা সাপেক্ষে স্ব স্ব বিভাগে (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা) অগ্রাধিকার ভিত্তিতে ভর্তির সুযোগ পাবে। প্রতিষ্ঠানের নিজস্ব শিক্ষার্থীদের স্ব স্ব বিভাগে ভর্তি নিশ্চিত

করেই কেবল অবশিষ্ট শূণ্য আসনে প্রযোজ্য ক্ষেত্রে ধারা ৩.০ এর উপবিধান (৩.২) ও (৩.৩) অনুসরণ করে শিক্ষার্থী ভর্তি করানো যাবে। তবে এ সকল প্রতিষ্ঠানের সকল ভর্তিই অনলাইনে হবে।

## ৪। ভর্তির ফলাফল প্রক্রিয়াকরণ, প্রকাশ এবং মাইগ্রেশনঃ

মোট ৩ (তিন) টি পর্যায়ে ফলাফল প্রক্রিয়াকরণ করা হবে। প্রাথমিক নিশ্চায়ন সাপেক্ষে সর্বোচ্চ ২(দুই) বার স্বয়ংক্রিয়ভাবে মাইগ্রেশন প্রক্রিয়া চালনা করা হবে অর্থাৎ প্রাথমিক নিশ্চায়নের পরও সর্বোচ্চ ২(দুই) বার একজন শিক্ষার্থীর কলেজ নির্বাচন পরিবর্তন হতে পারে। প্রতি পর্যায়ে পছন্দক্রমানুযায়ী অটোমাইগ্রেশন হবে এবং মাইগ্রেশন সর্বদাই পছন্দক্রমানুসারে উপরের দিকে যাবে।

- একজন শিক্ষার্থী তার আবেদনের সময় দেয়া কলেজ পছন্দক্রম ও এসএসসি/সমমান পরীক্ষার ফলাফল, কোটা ইত্যাদির ভিত্তিতে শুধুমাত্র ১টি কলেজেই সিলেকশন পাবে।
- নির্বাচিত শিক্ষার্থী নিজেই অনলাইনে বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ২০০/- (দুই শত) টাকা জমা দিয়ে প্রাথমিক ভর্তি নিশ্চায়ন করবেন। উল্লেখ্য যে, প্রত্যেক নির্বাচিত শিক্ষার্থীকে অবশ্যই ২০০/- (দুই শত) টাকা জমা দিয়ে ভর্তি নিশ্চায়ন করতে হবে। অন্যথায় শিক্ষার্থীর মনোনয়ন ও আবেদন বাতিল হবে। আবেদন বাতিলকৃত শিক্ষার্থী ইচ্ছা করলে পরবর্তী পর্যায়ের জন্য পুনরায় আবেদন ফি জমা দিয়ে নতুন ভাবে আবেদন করতে পারবে।
- যে সকল শিক্ষার্থী আবেদনকৃত কোন কলেজেই সিলেকশন পাবে না তারা পুনরায় আবেদন ফি ব্যতীত এবং যারা ইতিপূর্বে কোন কলেজেই আবেদন করে নাই তারা আবেদন ফি জমা দেয়া সাপেক্ষে আবেদন করতে পারবে।
- ফলাফল প্রক্রিয়াকরণের পর নির্দিষ্ট তারিখে শিক্ষার্থীদেরকে SMS-এর মাধ্যমে ফলাফল জানানো হবে এবং একই সাথে SMS-এ একটি গোপনীয় Security Code প্রদান করা হবে। এই Security Code টি চূড়ান্ত ভর্তি নিশ্চায়নের জন্য সংরক্ষণ করতে হবে। তাছাড়াও শিক্ষার্থীগণ ভর্তির ওয়েবসাইট www.xiclassadmission.gov.bd থেকে ভর্তির বিস্তারিত ফলাফল জানতে পারবে।

## ৫। কলেজে ভর্তিঃ

নির্ধারিত তারিখে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা ভর্তি ওয়েবসাইট www.xiclassadmission.gov.bd দেয়া হবে এবং সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ ডাউনলোড করে তা নোটিশ বোর্ডে প্রদর্শণ করবেন। অতঃপর ভর্তির জন্য নির্ধারিত তারিখে শিক্ষার্থী কলেজে উপস্থিত (স্বাস্থবিধি অনুসরণ পূর্বক) হয়ে প্রয়োজনীয় কাগজপত্র ও অনুমোদিত ফি জমা দিয়ে ভর্তি হবে এবং কলেজ শিক্ষার্থীর Security Code ব্যবহার করে ভর্তির চূড়ান্ত নিশ্চায়ন করবে।

## ৬। আবেদন, ফল প্রকাশ ও ভর্তির সময়সূচি ঃ

**২০২০-২০২১ শিক্ষাবর্ষে ভর্তির জন্য নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করতে হবে:**

| ক্রমিক নং | বিষয় | তারিখ |
|---|---|---|
| ৬.১ | ভর্তির অন-লাইন আবেদন গ্রহণ | ০৯/০৮/২০২০ থেকে ২০/০৮/২০২০ (১৫ আগস্ট, ২০২০ জাতীয় শোক দিবসে অনলাইন সার্ভিস ও কল সেন্টার বন্ধ থাকবে) |
| ৬.২ | ১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ২৫/০৮/২০২০ (রাত ৮ঃ০০ টায়) |
| ৬.৩ | শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ১ম পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে) | ২৬/০৮/২০২০ থেকে ৩০/০৮/২০২০ (রাত ৮ঃ০০ টা পর্যন্ত) |
| ৬.৪ | ২য় পর্যায়ের আবেদন গ্রহণ | ৩১/০৮/২০২০ থেকে ০২/০৯/২০২০ (রাত ৮ঃ০০ পর্যন্ত) |
| ৬.৫ | পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ | ০৪/০৯/২০২০ (রাত ৮ঃ০০ টায়) |
| ৬.৬ | ২য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ০৪/০৯/২০২০ (রাত ৮ঃ০০ টার) |
| ৬.৭ | ২য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ২য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে) | ০৫/০৯/২০২০ থেকে ০৬/০৯/২০২০ (বিকাল ৫ঃ০০ টা পর্যন্ত) |
| ৬.৮ | ৩য় পর্যায়ের আবেদন গ্রহন | ০৭/০৯/২০২০ থেকে ০৮/০৯/২০২০ |
| ৬.৯ | পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ | ১০/০৯/২০২০ (রাত ৮ঃ০০ টার) |
| ৬.১০ | ৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ১০/০৯/২০২০ (রাত ৮ঃ০০ টার) |
| ৬.১১ | ৩য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ৩য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে) | ১১/০৯/২০২০ থেকে ১২/০৯/২০২০ (রাত ৮ঃ০০ টা পর্যন্ত) |

করেই কেবল অবশিষ্ট শূণ্য আসনে প্রযোজ্য ক্ষেত্রে ধারা ৩.০ এর উপবিধান (৩.২) ও (৩.৩) অনুসরণ করে শিক্ষার্থী ভর্তি করানো যাবে। তবে এ সকল প্রতিষ্ঠানের সকল ভর্তিই অনলাইনে হবে।

## ৪। ভর্তির ফলাফল প্রক্রিয়াকরণ, প্রকাশ এবং মাইগ্রেশনঃ

মোট ৩ (তিন) টি পর্যায়ে ফলাফল প্রক্রিয়াকরণ করা হবে। প্রাথমিক নিশ্চায়ন সাপেক্ষে সর্বোচ্চ ২(দুই) বার স্বয়ংক্রিয়ভাবে মাইগ্রেশন প্রক্রিয়া চালনা করা হবে অর্থাৎ প্রাথমিক নিশ্চায়নের পরও সর্বোচ্চ ২(দুই) বার একজন শিক্ষার্থীর কলেজ নির্বাচন পরিবর্তন হতে পারে। প্রতি পর্যায়ে পছন্দক্রমানুযায়ী অটোমাইগ্রেশন হবে এবং মাইগ্রেশন সর্বদাই পছন্দক্রমানুসারে উপরের দিকে যাবে।

- একজন শিক্ষার্থী তার আবেদনের সময় দেয়া কলেজ পছন্দক্রম ও এসএসসি/সমমান পরীক্ষার ফলাফল, কোটা ইত্যাদির ভিত্তিতে শুধুমাত্র ১টি কলেজেই সিলেকশন পাবে।
- নির্বাচিত শিক্ষার্থী নিজেই অনলাইনে বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ২০০/- (দুই শত) টাকা জমা দিয়ে প্রাথমিক ভর্তি নিশ্চায়ন করবেন। উল্লেখ্য যে, প্রত্যেক নির্বাচিত শিক্ষার্থীকে অবশ্যই ২০০/- (দুই শত) টাকা জমা দিয়ে ভর্তি নিশ্চায়ন করতে হবে। অন্যথায় শিক্ষার্থীর মনোনয়ন ও আবেদন বাতিল হবে। আবেদন বাতিলকৃত শিক্ষার্থী ইচ্ছা করলে পরবর্তী পর্যায়ের জন্য পুনরায় আবেদন ফি জমা দিয়ে নতুন ভাবে আবেদন করতে পারবে।
- যে সকল শিক্ষার্থী আবেদনকৃত কোন কলেজেই সিলেকশন পাবে না তারা পুনরায় আবেদন ফি ব্যতীত এবং যারা ইতিপূর্বে কোন কলেজেই আবেদন করে নাই তারা আবেদন ফি জমা দেয়া সাপেক্ষে আবেদন করতে পারবে।
- ফলাফল প্রক্রিয়াকরণের পর নির্দিষ্ট তারিখে শিক্ষার্থীদেরকে SMS-এর মাধ্যমে ফলাফল জানানো হবে এবং একই সাথে SMS-এ একটি গোপনীয় Security Code প্রদান করা হবে। এই Security Code টি চূড়ান্ত ভর্তি নিশ্চায়নের জন্য সংরক্ষণ করতে হবে। তাছাড়াও শিক্ষার্থীগণ ভর্তির ওয়েবসাইট www.xiclassadmission.gov.bd থেকে ভর্তির বিস্তারিত ফলাফল জানতে পারবে।

## ৫। কলেজে ভর্তিঃ

নির্ধারিত তারিখে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা ভর্তি ওয়েবসাইট www.xiclassadmission.gov.bd দেয়া হবে এবং সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ ডাউনলোড করে তা নোটিশ বোর্ডে প্রদর্শণ করবেন। অতঃপর ভর্তির জন্য নির্ধারিত তারিখে শিক্ষার্থী কলেজে উপস্থিত (স্বাস্থবিধি অনুসরণ পূর্বক) হয়ে প্রয়োজনীয় কাগজপত্র ও অনুমোদিত ফি জমা দিয়ে ভর্তি হবে এবং কলেজ শিক্ষার্থীর Security Code ব্যবহার করে ভর্তির চূড়ান্ত নিশ্চায়ন করবে।

## ৬। আবেদন, ফল প্রকাশ ও ভর্তির সময়সূচি ঃ

**২০২০-২০২১ শিক্ষাবর্ষে ভর্তির জন্য নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করতে হবে:**

| ক্রমিক নং | বিষয় | তারিখ |
|---|---|---|
| ৬.১ | ভর্তির অন-লাইন আবেদন গ্রহণ | ০৯/০৮/২০২০ থেকে ২০/০৮/২০২০ (১৫ আগস্ট, ২০২০ জাতীয় শোক দিবসে অনলাইন সার্ভিস ও কল সেন্টার বন্ধ থাকবে) |
| ৬.২ | ১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ২৫/০৮/২০২০ (রাত ৮ঃ০০ টায়) |
| ৬.৩ | শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ১ম পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে) | ২৬/০৮/২০২০ থেকে ৩০/০৮/২০২০ (রাত ৮ঃ০০ টা পর্যন্ত) |
| ৬.৪ | ২য় পর্যায়ের আবেদন গ্রহণ | ৩১/০৮/২০২০ থেকে ০২/০৯/২০২০ (রাত ৮ঃ০০ পর্যন্ত) |
| ৬.৫ | পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ | ০৪/০৯/২০২০ (রাত ৮ঃ০০ টায়) |
| ৬.৬ | ২য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ০৪/০৯/২০২০ (রাত ৮ঃ০০ টার) |
| ৬.৭ | ২য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ২য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে) | ০৫/০৯/২০২০ থেকে ০৬/০৯/২০২০ (বিকাল ৫ঃ০০ টা পর্যন্ত) |
| ৬.৮ | ৩য় পর্যায়ের আবেদন গ্রহন | ০৭/০৯/২০২০ থেকে ০৮/০৯/২০২০ |
| ৬.৯ | পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ | ১০/০৯/২০২০ (রাত ৮ঃ০০ টার) |
| ৬.১০ | ৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ১০/০৯/২০২০ (রাত ৮ঃ০০ টার) |
| ৬.১১ | ৩য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ৩য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে) | ১১/০৯/২০২০ থেকে ১২/০৯/২০২০ (রাত ৮ঃ০০ টা পর্যন্ত) |

করেই কেবল অবশিষ্ট শূণ্য আসনে প্রযোজ্য ক্ষেত্রে ধারা ৩.০ এর উপবিধান (৩.২) ও (৩.৩) অনুসরণ করে শিক্ষার্থী ভর্তি করানো যাবে। তবে এ সকল প্রতিষ্ঠানের সকল ভর্তিই অনলাইনে হবে।

## ৪। ভর্তির ফলাফল প্রক্রিয়াকরণ, প্রকাশ এবং মাইগ্রেশনঃ

মোট ৩ (তিন) টি পর্যায়ে ফলাফল প্রক্রিয়াকরণ করা হবে। প্রাথমিক নিশ্চায়ন সাপেক্ষে সর্বোচ্চ ২(দুই) বার স্বয়ংক্রিয়ভাবে মাইগ্রেশন প্রক্রিয়া চালনা করা হবে অর্থাৎ প্রাথমিক নিশ্চায়নের পরও সর্বোচ্চ ২(দুই) বার একজন শিক্ষার্থীর কলেজ নির্বাচন পরিবর্তন হতে পারে। প্রতি পর্যায়ে পছন্দক্রমানুযায়ী অটোমাইগ্রেশন হবে এবং মাইগ্রেশন সর্বদাই পছন্দক্রমানুসারে উপরের দিকে যাবে।

- একজন শিক্ষার্থী তার আবেদনের সময় দেয়া কলেজ পছন্দক্রম ও এসএসসি/সমমান পরীক্ষার ফলাফল, কোটা ইত্যাদির ভিত্তিতে শুধুমাত্র ১টি কলেজেই সিলেকশন পাবে।
- নির্বাচিত শিক্ষার্থী নিজেই অনলাইনে বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ২০০/- (দুই শত) টাকা জমা দিয়ে প্রাথমিক ভর্তি নিশ্চায়ন করবেন। উল্লেখ্য যে, প্রত্যেক নির্বাচিত শিক্ষার্থীকে অবশ্যই ২০০/- (দুই শত) টাকা জমা দিয়ে ভর্তি নিশ্চায়ন করতে হবে। অন্যথায় শিক্ষার্থীর মনোনয়ন ও আবেদন বাতিল হবে। আবেদন বাতিলকৃত শিক্ষার্থী ইচ্ছা করলে পরবর্তী পর্যায়ের জন্য পুনরায় আবেদন ফি জমা দিয়ে নতুন ভাবে আবেদন করতে পারবে।
- যে সকল শিক্ষার্থী আবেদনকৃত কোন কলেজেই সিলেকশন পাবে না তারা পুনরায় আবেদন ফি ব্যতীত এবং যারা ইতিপূর্বে কোন কলেজেই আবেদন করে নাই তারা আবেদন ফি জমা দেয়া সাপেক্ষে আবেদন করতে পারবে।
- ফলাফল প্রক্রিয়াকরণের পর নির্দিষ্ট তারিখে শিক্ষার্থীদেরকে SMS-এর মাধ্যমে ফলাফল জানানো হবে এবং একই সাথে SMS-এ একটি গোপনীয় Security Code প্রদান করা হবে। এই Security Code টি চূড়ান্ত ভর্তি নিশ্চায়নের জন্য সংরক্ষণ করতে হবে। তাছাড়াও শিক্ষার্থীগণ ভর্তির ওয়েবসাইট www.xiclassadmission.gov.bd থেকে ভর্তির বিস্তারিত ফলাফল জানতে পারবে।

## ৫। কলেজে ভর্তিঃ

নির্ধারিত তারিখে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা ভর্তি ওয়েবসাইট www.xiclassadmission.gov.bd দেয়া হবে এবং সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ ডাউনলোড করে তা নোটিশ বোর্ডে প্রদর্শণ করবেন। অতঃপর ভর্তির জন্য নির্ধারিত তারিখে শিক্ষার্থী কলেজে উপস্থিত (স্বাস্থবিধি অনুসরণ পূর্বক) হয়ে প্রয়োজনীয় কাগজপত্র ও অনুমোদিত ফি জমা দিয়ে ভর্তি হবে এবং কলেজ শিক্ষার্থীর Security Code ব্যবহার করে ভর্তির চূড়ান্ত নিশ্চায়ন করবে।

## ৬। আবেদন, ফল প্রকাশ ও ভর্তির সময়সূচি ঃ

**২০২০-২০২১ শিক্ষাবর্ষে ভর্তির জন্য নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করতে হবে:**

| ক্রমিক নং | বিষয় | তারিখ |
|---|---|---|
| ৬.১ | ভর্তির অন-লাইন আবেদন গ্রহণ | ০৯/০৮/২০২০ থেকে ২০/০৮/২০২০ (১৫ আগস্ট, ২০২০ জাতীয় শোক দিবসে অনলাইন সার্ভিস ও কল সেন্টার বন্ধ থাকবে) |
| ৬.২ | ১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ২৫/০৮/২০২০ (রাত ৮ঃ০০ টায়) |
| ৬.৩ | শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ১ম পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে) | ২৬/০৮/২০২০ থেকে ৩০/০৮/২০২০ (রাত ৮ঃ০০ টা পর্যন্ত) |
| ৬.৪ | ২য় পর্যায়ের আবেদন গ্রহণ | ৩১/০৮/২০২০ থেকে ০২/০৯/২০২০ (রাত ৮ঃ০০ পর্যন্ত) |
| ৬.৫ | পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ | ০৪/০৯/২০২০ (রাত ৮ঃ০০ টায়) |
| ৬.৬ | ২য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ০৪/০৯/২০২০ (রাত ৮ঃ০০ টার) |
| ৬.৭ | ২য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ২য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে) | ০৫/০৯/২০২০ থেকে ০৬/০৯/২০২০ (বিকাল ৫ঃ০০ টা পর্যন্ত) |
| ৬.৮ | ৩য় পর্যায়ের আবেদন গ্রহন | ০৭/০৯/২০২০ থেকে ০৮/০৯/২০২০ |
| ৬.৯ | পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ | ১০/০৯/২০২০ (রাত ৮ঃ০০ টার) |
| ৬.১০ | ৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ১০/০৯/২০২০ (রাত ৮ঃ০০ টার) |
| ৬.১১ | ৩য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ৩য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে) | ১১/০৯/২০২০ থেকে ১২/০৯/২০২০ (রাত ৮ঃ০০ টা পর্যন্ত) |

| ক্রমিক নং | বিষয় | তারিখ |
|---|---|---|
| ৬.১২ | কলেজ ভিত্তিক চূড়ান্ত ফল প্রকাশ | ১৩/০৯/২০২০ (সকাল ৮ঃ০০ টার) |
| ৬.১৩ | ভর্তি | ১৩/০৯/২০২০ থেকে ১৫/০৯/২০২০ |

**(প্রফেসর মুঃ জিয়াউল হক)**
সভাপতি
আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি
ও
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।